Regional Language - Bengali

## কী ভাবে আবেদন জানাবেন (অনলাইন আবেদন পদ্ধতি)

**এক-একটি ধাপের প্রক্রিয়া:**

1. **আধারের সঙ্গে মোবাইল নম্বর লিঙ্ক:**
   আপনার আধারের সঙ্গে আপনার এই সময়কার মোবাইল নম্বর লিঙ্ক আছে কি না দেখে নিন। কেননা, রেজিস্ট্রেশনের সময় OTP-র মাধ্যমে তা যাচাই করা হবে।

2. **আধারে এই সময়কার ছবি**
   ই-আধার বা অফলাইন আধার XML ডাউনলোড করার আগে আপনার এই সময়কার ছবি আপডেট করুন। প্রার্থীর আবেদন মঞ্জুর কররা সময় এটি রেজিস্ট্রার ইউজার যাচাই করে দেখবেন।

3. **অফলাইন আধার XML ফাইল ডাউনলোড**
   https://myaadhaar.uidai.gov.in/offline-ekyc-এ যান, generate your Offline Aadhaar XML, and set a “Share Code” of your choice. আপনার অফলাইন আধার XML জেনারেট করুন, এবং আপনার পছন্দের একটি “শেয়ার কোড” সেট করুন।

4. **একটি নতুন ইউজার ক্রিয়েট করুন**
   https://uidai.nseitexams.com/UIDAI/LoginAction_input.action-এ যান, আপনার অফলাইন আধার XML ফাইল আপলোড করুন, শেয়ার কোড ও মোবাইল নম্বর (আধার অনুযায়ী) এন্টার করুন, এবং রেজিস্ট্রেশন সম্পূর্ণ করুন।

5. **OTP যাচাই ও সম্মতি**
   আধার ও মোবাইল যাচাই সফল হওয়ার পর, আপনার মোবাইল

নম্বরে একটি OTP পাঠানো হবে। পরীক্ষা প্রক্রিয়ার জন্য আপনার আধার ডেটা ব্যবহারে সম্মতি জানানোর জন্য ওই OTP এন্টার করুন।

6. **রেজিস্ট্রেশন ক্রেডেনশিয়াল পান**
   আপনার রেজিস্টার্ড মোবাইল নম্বর ও ই-মেলে রেজিস্ট্রেশন ID ও ডিফল্ট পাসওয়ার্ড পাঠানো হবে। প্রথম বার লগ-ইন করে সেই পাসওয়ার্ড বদলে ফেলুন এবং ভবিষ্যতে ব্যবহারের জন্য আপনার ক্রেডেনশিয়ালগুলিক সুরক্ষিত করুন।

7. **আবেদনের ফর্ম পূরণ ও জমা**
   - আপনার রেজিস্ট্রেশন ID ও নতুন পাসওয়ার্ড দিয়ে লগ ইন করুন
   - আগে থেকে পূরণ করে রাখা আধার বিবরণ যাচাই করে নিন
   - এন্টার করুন: শিক্ষাগত বিবরণ, পরীক্ষার স্তর, পরীক্ষার ভাষা, এনরোলমেন্ট এজেন্সি কোড, রেজিস্ট্রার কোড, পছন্দের পরীক্ষা কেন্দ্রের বিবরণ ও LMS বিবরণ
   - আপলোড করুন: শিক্ষা সংক্রান্ত ও LMS নথিপত্র
   - পূরণ করুন: প্রশ্নাবলি বিভাগ
   - সংশ্লিষ্ট রেজিস্ট্রারের দ্বারা অনুমোদনের জন্য আবেদন জমা দিন

8. **রেজিস্ট্রারের অনুমোদনের সময়সীমা**
   - আবেদন অতি অবশ্যই 30 দিনের মধ্যে অনুমোদিত হতে হবে, তা না-হলে তা নিজে নিজে বাতিল হয়ে যাবে।

- একই রেজিস্ট্রার যদি কোনও প্রার্থীর আবেদন তিন বার বাতিল করে দেন, তাহলে সেই প্রার্থী আর সেই রেজিস্ট্রারকে ফের বেছে নিতে পারবেন না

9. **পেমেন্ট করুন**

অনুমোদনের পর প্রার্থী “পেমেন্ট” ট্যাবের মাধ্যমে 30 দিনের মধ্যে পেমেন্ট করবেন। তা করতে না-পারলে আবেদন নিজে নিজে বাতিল হয়ে যাবে।

**পেমেন্ট মোড:**

- অনলাইন: UPI, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিং
- পেমেন্ট হয়ে গেছে: সেই সব প্রার্থীর জন্য যাঁরা রেজিস্ট্রার/ EA-র মাধ্যমে পেমেন্ট করে দিয়েছেন

11. **পেমেন্টের রসিদ ডাউনলোড**

পেমেন্ট সফল ভাবে হয়ে গেলে পেমেন্টের রসিদ ডাউনলোড করে সেভ করে রেখে দিন।

12. **মক পরীক্ষা ও স্লট বুকিং**

- টেস্ট ইন্টারফেসের সঙ্গে পরিচিত হওয়ার জন্য মক পরীক্ষা দিন
- সিট বুকিং পেজ অ্যাক্সেস করুন এবং আপনার পরীক্ষা কেন্দ্র ও পরীক্ষার স্লট বেছে নিন

13. **পরীক্ষার স্লটের বৈধতা**

পেমেন্ট সফল ভাবে হওয়ার পর 180 দিনের মধ্যে পরীক্ষার দিন ঠিক করতে হবে। তা করতে না-পারলে আবেদন নিজে নিজে বাতিল হবে এবং ফি বাজেয়াপ্ত হবে।

14. **নিজে-নিজে আবেদন বাতিলের সমস্যা সামলানো**

আবেদন নিজে নিজে বাতিল হয়ে গেলে প্রার্থী অতি অবশ্যই নতুন আবেদন জমা দিয়ে পুনরায় আবেদন করবেন, অনুমোদন পাবেন, এবং নতুন করে পেমেন্ট করবেন।

15. **অ্যাডমিট কার্ড ডাউনলোড**

স্লট বুকিং সফল ভাবে হয়ে গেলে আপনার অ্যাডমিট কার্ড ডাউনলোড করে নিন। তার মধ্যে উল্লেখ করা থাকবে:

- পরীক্ষা কেন্দ্রের স্থান সম্পর্কিত বিবরণ
- পরীক্ষার তারিখ ও সময়
- অন্যান্য গুরুত্বপূর্ণ নির্দেশাবলি

16. **পছন্দের লোকেশনে কোনও স্লট উপলব্ধ না-থাকলে, নিম্নলিখিত দিকগুলি বিবেচনা করে দেখুন:**

- পেমেন্ট সফল ভাবে হওয়ার পর 7 দিন অপেক্ষা করুন
- স্লট উপলব্ধ না-থাকলে, এখানে ই-মেল করুন: uidai_admin@nseit.com
- কোনও নিষ্পত্তি না-হলে UIDAI HQ-কে জানান - প্রশিক্ষণ, পরীক্ষা ও সার্টিফিকেশন বিভাগ

17. কোনও প্রার্থী পরীক্ষায় অনুত্তীর্ণ হলে বা অনুপস্থিত থাকলে, তাঁদের প্রাপ্ত অনুমোদনের মেয়াদ শেষ হয়ে যাবে, তখন তাঁদের নতুন আবেদনের ফর্ম জমা দিয়ে পুনরায় আবেদন জানাতে হবে।

**দ্রষ্টব্য:** প্রাপ্ত অনুমোদনের মেয়াদ রেজিস্ট্রারের অনুমোদনের তারিখের পর থেকে 30 দিন পর্যন্ত।

18. রেজিস্ট্রারের অনুমোদনের পর 30 দিনের মধ্যে প্রার্থীদের পরীক্ষায় অবতীর্ণ হতেই হবে। পরীক্ষায় অনুত্তীর্ণ হলে বা উক্ত মেয়াদ শেষ হওয়ার পরেও অনুপস্থিত থাকলে, নতুন আবেদন জমা দিতে হবে।

19. **অনুত্তীর্ণ ও অনুপস্থিত প্রার্থীদের পক্ষ থেকে পুনরায় আবেদন জানানোর নিয়ম**

- 3 বার পুনরায় আবেদন করা যাবে অর্ধেক ফি দিয়ে
- 3 বার হয়ে গেলে, ফের পুরো ফি দিতে হবে
- এই প্রক্রিয়া আবর্তিত হবে প্রত্যেকটি নতুন সার্টিফিকেশনের জন্য আবেদন জানানোর ক্ষেত্রে

19. **রিফান্ড পলিসি নেই**

একবার ফি দেওয়া হয়ে গেলে, তা আর ফেরত দেওয়া হয় না। পেমেন্ট করলেও তা না-হলে, যোগাযোগ করুন এখানে: uidai_admin@nseit.com

20. **ফি-র বৈধতা**

পেমেন্ট হওয়ার তারিখ থেকে 180 দিনের জন্য সার্টিফিকেশন ফি বৈধ থাকে।

21. **পরীক্ষার দিন প্রয়োজনীয় নথিপত্র**

প্রার্থীরা সঙ্গে করে অবশ্যই আনবেন:

1. এই সময়কার ছবি সহ নিজের ই-আধার (https://myaadhaar.uidai.gov.in/genricDownloadAadhaar/en থেকে ডাউনলোড করে নেওয়া) বা এম-আধার/আধার PVC কার্ড বা আধার চিঠি-র সর্বশেষ প্রতিলিপি।

2. পোর্টালের নীচে প্রদর্শিত অ্যাডমিট কার্ড

**দ্রষ্টব্য:** ছবি না-মিললে বা অ্যাডমিট কার্ড না-থাকলে, প্রার্থীকে অনুপযুক্ত বলে ঘোষণা করা হবে।

22.**সহায়তা**

For any queries related to "Registration, Application form submission, Exam Fee, "রেজিস্ট্রেশন, আবেদনের ফর্ম জমা, পরীক্ষার ফি, পরীক্ষা কেন্দ্র/পরীক্ষার স্লট এবং পরীক্ষণ ও সার্টিফিকেশন আবেদন" সংক্রান্ত কোনও প্রশ্ন থাকলে প্রার্থীরা নীচে দেওয়া নম্বরে ফোন করতে পারেন:

**টেলিফোন নম্বর - 022-42706508**

**সময় -**(সোম-শনি, সকাল 9:30 - সন্ধ্যা 6:00)

**ই-মেল -** uidai_admin@nseit.com

UIDAI সহায়তা (সার্টিফিকেশনের পর)

”নিষ্ক্রিয় হয়ে যাওয়া, সার্টিফিকেটে নাম/UID/আধার নম্বর মিলছে না”

সংক্রান্ত যে-কোনও সমস্যার জন্য প্রার্থীরা নীচে দেওয়া নম্বরে

যোগাযোগ করে নিতে পারেন:

o টোল ফ্রি: 080-23099400

সময় : সকাল 9:30 - সন্ধ্যা 6:00 (সোমবার-শনিবার)

প্রার্থীরা তাঁদের প্রশ্ন পাঠাতে পারেন এখানে techsupport@uidai.net.in